# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিষ্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০ ।

**বিষয় ঃ ২৩-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানির APA টিমের প্রথম পর্যালোচনা সভার প্রতিবেদন।**

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল)-এর বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রম পর্যালোচনা এবং ২০২১-২০২২ অর্থ-বছরের জন্য নির্ধারিত ও সম্পাদিত চুক্তির আলোকে এপিএ কার্যক্রম বাস্তবায়ন ও শতভাগ সূচক অর্জনের জন্য দিক নির্দেশনাসহ সার্বিক অবস্থা অবহিতকরণের লক্ষ্যে কোম্পানীর প্রধান নির্বাহী ও এপিএ টিমের সকল সদস্যগণের উপস্থিতিতে গত ২৩-০৮-২১ তারিখে কোম্পানীর কমিটি রুমে বিকাল ৩:০০ ঘটিকায় প্রথম সভা অনুষ্ঠিত হয় ( এপিএ টিমের উপস্থিত সদস্যবৃন্দের/কর্মকর্তাদের তালিকা সংযুক্ত,পরিশিষ্ট -'ক')।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ- এর গুরুত্ব ও বাস্তবায়ন বিষয়ে সকলের মনোযোগ আকর্ষনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় ২০২১-২০২২ অর্থ-বছরের এপিএ কার্যক্রম পর্যালোচনার জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি উপস্থাপন করেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিগত ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সম্পাদিত কার্যক্রমে অত্র কোম্পানির অর্জিত সূচক ৯৮.৪০ ফলাফলের উপর সন্তোষ প্রকাশ করেন এবং এপিএ টিমের সাথে সংশ্লিষ্ট উপস্থিত সকল সদস্যবৃন্দদের -কে ধন্যবাদ জানান।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সার্বিক বিবেচনায় যথাসময়ের মধ্যে সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট সকলকে নিয়মিত প্রতিবেদন প্রদান ও এমআইএস প্রতিবেদন নিয়মিত প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। সভায় এপিএ গাইড লাইন সম্পর্কে আলোচনার এক পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, এপিএ গাইড লাইন মোতাবেক এপিএ সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র একটি শাখা /অধিশাখার নিয়ন্ত্রণে / সংরক্ষিত থাকবে, সেই শাখা/অধিশাখাকে দাপ্তরিকভাবে দায়িত্ব প্রদান করতে হবে। সেক্ষেত্রে বর্তমানে পরিকল্পনা বিভাগের কর্পোরেট প্ল্যানিং শাখা দায়িত্ব পালন করছে বিধায় উক্ত শাখাকে দায়িত্ব প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)- এর বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গৃহীত ব্যবস্থা এবং সভাপতির নির্দেশনাসমূহ নিম্নরূপ ঃ**

আলোচনা/পর্যালোচনা :

২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) বিভিন্ন কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত নিম্নরূপ :

এপিএ ২০২১-২২ এ অন্তর্ভুক্ত জেজিটিডিএসএল এর স্বাক্ষরিত কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৭০) ঃ

| ক্র: নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায়/ তথ্য সরবরাহকারী দপ্তর |
|---|---|---|---|---|---|---|
| ১. | গ্যাস নিরাপত্তা নিশ্চিত করা | [১.১] আন্তর্জাতিক এবং দেশীয় কোম্পানি হতে প্রাপ্ত গ্যাস বিক্রয় | ২০ | বর্ণিত বিষয়ে এমআইএস হতে সময়মত তথ্য প্রদান নিয়ে সভায় আলোচনা হয়। | নিয়মিতভাবে অর্থাৎ প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে এমআইএস হতে তথ্য প্রদান আবশ্যক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি একমত প্রকাশ করেন। | মহাব্যবস্থাপক (রাজস্ব)/ ব্যবস্থাপক (এমআইএস) |
| ২. | গ্যাস সংযোগ ও গ্রাহক সেবার মানোন্নয়ন । | [২.১] গ্যাস সংযোগ | ১০ | গ্রাহকদের গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ,চা-বাগান ইত্যাদি) প্রদানে আগামী ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা হয়। | গ্রাহকদের গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ,চা-বাগান ইত্যাদি) প্রদানে আগামী ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, মহাব্যবস্থাপক (বিপণন -দক্ষিন) ও মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর) কে অনুরোধ করা হয়। | মহাব্যবস্থাপক (বিপণন -দক্ষিন / মহাব্যবস্থাপক বিপণন-উত্তর) |
| | | [২.২] বেসরকারি বিনিয়োগ প্রকাশে পদক্ষেপ গ্রহণ | ৫ | বেসরকারি বিনিয়োগ প্রকাশে পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এসইজেড শিল্প এলাকায় কোন আবেদন পাওয়া গেলে উহা ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক (বিপণন -দক্ষিন / উপ-মহাব্যবস্থাপক (আরএন্ডডি) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | মানব সম্পদ উন্নয়ন | [৩.১] জনবল প্রশিক্ষন | ১০ | মানব সম্পদ উন্নয়নে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষন প্রদান বিষয়ে আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জনে পরিকল্পনা করে ভার্চুয়াল পদ্ধতিতে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অনুরোধ জানান। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা)/ মহাব্যবস্থাপক (প্রশাসন)/আইটি শাখা ও ফোকাল পয়েন্ট। |
| | | [৩.২] অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনা | ৫ | অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও আহবায়ক, এপিএ টিম মহোদয় সার্ভিস রুলস এর উপর প্রশিক্ষণ প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক (প্রশাসন) / আইটি শাখা ও ফোকাল পয়েন্ট। |
| ৪. | বকেয়া পাওনা ০৩ মাসের গড় বিক্রয়ের সমতূল্যকরণ | [৪.১] বকেয়ার সমতূল্য মাস হ্রাসকরণ | ১০ | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে বকেয়া আদায় সন্তোষজনক পর্যায়ে আনার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত লাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ/ ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (রাজস্ব)-কে অনুরোধ জানানো হয়। | রাজস্ব ডিভিশন/ কেন্দ্রীয় রাজস্ব শাখা/এমআইএস |
| ৫. | ] পাইপলাইন নির্মান/স্থাপন | [৫.১] নতুন পাইপলাইন/ ব্যালেন্সিং পাইপলাইন নির্মান | ১০ | নতুন পাইপলাইন বা ব্যালেন্সিং পাইপলাইন স্থাপন সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে পরিকল্পনা ডিপার্টমেন্টে প্রদানের জন্য বিস্তারিত আলোচনা হয়। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কে গ্যাস সরবরাহের লক্ষ্যে পাইপলাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০ কিঃমিঃ পাইপলাইন স্থাপনের বিপরীতে লক্ষমাত্রা অর্জন সম্ভব হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ)/ মহাব্যবস্থাপক (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |

এপিএ ২০২১-২২ এ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৩০) ঃ

| ক্র: নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায়/ তথ্য সরবরাহকারী দপ্তর |
|---|---|---|---|---|---|---|
| ১. | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক এপিএ টিমের আহবায়কের নিকট নিয়মিতভাবে পরিকল্পনা ডিপার্টমেন্টে প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এনআইএস এর ফোকাল পয়েন্ট (কোম্পানি সচিব, অতিঃ দাঃ)-কে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য এপিএ কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় অনুরোধ করেন। | কোম্পানি সচিব (অতিঃ দাঃ) ও ফোকাল পয়েন্ট। |
| | | [১.২] ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক এপিএ টিমের আহবায়কের নিকট নিয়মিতভাবে রিপোর্ট প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ২০২১-২০২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, এতদসংক্রান্ত ব্যবস্থাপক (এমডি দপ্তর ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক (এমডি দপ্তর) ও ফোকাল পয়েন্ট। |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৪ | কোম্পানীতে প্রাপ্ত (বিভিন্ন গ্রাহকের পক্ষ থেকে) অভিযোগসমূহ যাতে দ্রুত নিষ্পত্তি করা হয় এ ব্যাপারে সভায় আলোচনা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২০২১-২০২২ এ অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য GRS এর ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক (এমআইএস) ও ফোকাল পয়েন্ট। |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক এপিএ টিমের আহবায়কের নিকট নিয়মিতভাবে রিপোর্ট প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অত্র কোম্পানীতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহনের জন্য এপিএ কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় উপ-মহাব্যবস্থাপক (পিসিডি) ও | উপ-মহাব্যবস্থাপক (পিসিডি) ও ফোকাল পয়েন্ট। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ফোকাল পয়েন্ট,সিটিজেন চার্টার-কে নির্দেশনা প্রদান করেন। | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক এপিএ টিমের আহবায়কের নিকট নিয়মিতভাবে পরিকল্পনা ডিপার্টমেন্টে প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে ২০২১-২০২২ এ অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহনের জন্য এপিএ কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় তথ্য অধিকার এর ফোকাল পয়েন্ট -কে অনুরোধ করা হয়। | মহাব্যবস্থাপক (রাজস্ব)/ ব্যবস্থাপক (এমআইএস) ও ফোকাল পয়েন্ট, |

জালালাবাদ গ্যাসের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) চেয়ারম্যান, পেট্রোবাংলা ও ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস কর্তৃক স্বাক্ষরিত হয়। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ ২০২১-২০২২ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য আহবান জানান।

এপিএ সংশ্লিষ্ট ২০২১-২০২২ অর্থবছরের সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের আওতায় যে ০৫টি কার্যক্রম অন্তর্ভূক্ত আছে তন্মধ্যে শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স / উদ্ভাবন, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিমাসের অগ্রগতি প্রতিবেদন উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন ব্যবস্থাপনা টীম বরাবর প্রেরণ করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

তাছাড়া মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৪ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের বাধ্যবাধকতা থাকায় প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্য উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন ব্যবস্থাপনা টীম বরাবর প্রেরণের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

উপরোক্ত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুত বাস্তবায়নের নিমিত্ত স্ব স্ব বিভাগ/ডিপার্টমেন্ট হতে উদ্যোগ গ্রহণ এবং শতভাগ এপিএ বাস্তবায়ন/অগ্রগতি অর্জনে উপস্থিত উর্দ্ধতন কর্মকর্তাদের সদয় দৃষ্টি কামনা শেষে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি অত্র সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন ।

(প্রকৌ. জসিম উদ্দিন আহমদ)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
ও
আহবায়ক
বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম

বিতরণ ঃ

০১। জনাব---------------------------------------------------, জালালাবাদ গ্যাস, সিলেট।

অনুলিপি :

০১। মহাব্যবস্থাপক (-----------------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০২। উপ-মহাব্যবস্থাপক (--------------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০৩। দপ্তর নথি।